গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এসআরও নং ১৮২-আইন/২০১১/৬০৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**।- (১) এই বিধিমালা বিড়ির ওপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা আগামী ১লা অক্টোবর, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১;

(গ) "কর" অর্থ আইনের ধারা ৩ এ বর্ণিত মূল্য সংযোজন কর ও ধারা ৭ এ বর্ণিত সম্পূরক শুল্ক;

(ঘ) "বিড়ি" অর্থ যন্ত্রের সাহায্য ব্যতীত, ফিল্টারযুক্ত বা বিযুক্ত হাতে তৈরি সিগারেট (বিড়ি);

(ঙ) "বিড়ির প্যাকেট" অর্থ কাগজ বা অন্য কোনো উপকরণ দ্বারা আবৃত ফিল্টার বিযুক্ত ৮(আট) শলাকা, ১২(বারো) শলাকা ও ২৫(পঁচিশ) শলাকা বিশিষ্ট বিড়ি বা ফিল্টার সংযুক্ত ১০(দশ) শলাকা ও ২০(বিশ) শলাকা বিড়ি ধারণযোগ্য এমন কোনো প্যাকেট এবং হার্ড ও সফট প্যাকেট এবং শেল এন্ড স্লাইড প্যাকেটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **কর আদায়**।- বিধিমালা বা আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বিড়ি উৎপাদনকারী কর্তৃক উৎপাদিত বিড়ির ওপর প্রদেয় কর বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল সংযুক্তির মাধ্যমে আদায়যোগ্য হইবে।

৪। **ব্যান্ডরোল এর আকার, রং ও ডিজাইন ব্যবহার, ইত্যাদি**।- (১) প্রতি পঁচিশ শলাকার বিড়ির প্যাকেটে ব্যবহার্য ব্যান্ডরোল এর আকার হইবে দৈর্ঘ্যে ১৫ (পনের) সেন্টিমিটার এবং প্রস্থে ১.৫ (এক দশমিক পাঁচ) সেন্টিমিটার, উহার রং হইবে হালকা সবুজ ও উহার দুই পার্শ্বে "২৫টি বিড়ি" শব্দগুলি লেখা থাকিবে এবং মাঝে প্রথম লাইনে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার" দ্বিতীয় লাইনে নীল কালিতে "শুল্ক-কর পরিশোধিত" ও তৃতীয় লাইনে "জাতীয় রাজস্ব বোর্ড" শব্দগুলি লেখা থাকিবে।

National Board of Revenue

(২) উপ-বিধি(১) এ উল্লিখিত রঙ, আকার ও ডিজাইনের ব্যান্ডরোল বিড়ির প্যাকেটে ব্যবহার করিতে হইবে।

(৩) বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহারের উদ্দেশ্যে বিড়ি উৎপাদনকারী বোর্ড বা বাংলাদেশ ডাকবিভাগ কর্তৃক নির্দিষ্টকৃত পোস্ট অফিস হইতে বা বোর্ড কর্তৃক, সময় সময়, আদেশ দ্বারা জারিকৃত নির্দেশনা অনুসারে ব্যান্ডরোল সংগ্রহ বা ক্রয় করিবে।

৫। **বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি, ইত্যাদি।**- (১) বিড়ি উৎপাদনকারী কর্তৃক উৎপাদিত বিড়ির প্যাকেটে উৎপাদনকারীর নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও ব্র্যান্ড নাম এমন সুস্পষ্টভাবে মূদ্রণ করিতে হইবে যাহাতে উহা সহজে পাঠযোগ্য হয়।

(২) প্রতিটি বিড়ির প্যাকেটের ওপর আঁঠার সাহয্যে লম্বালম্বি এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যাহাতে উহার উভয় প্রান্তের মুখ আবৃত থাকে এবং ব্যান্ডরোল ছিঁড়িয়া ফেলা ব্যতীত উহা বিড়ির প্যাকেট হইতে আলাদা করা না যায়।

(৩) ব্যান্ডরোল লাগানোর সময়, কারিগরি বা অন্য কোনো ত্রুটির কারণে, কোনো ব্যান্ডরোল নষ্ট হইলে, উক্ত নষ্ট হইয়া যাওয়া ব্যান্ডরোল বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৪) উপ-বিধি(৩) এর অধীন নষ্ট হওয়া ব্যান্ডরোল এর সংখ্যা কোনোক্রমেই ব্যবহৃত ব্যান্ডরোল এর মোট সংখ্যার ১% হইতে অধিক হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো ত্রুটি ব্যতীত অন্য কোনো কারণে ব্যান্ডরোল নষ্ট হওয়ার ক্ষেত্রে, বোর্ডের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্ত সাপেক্ষে, ব্যবহৃত ব্যান্ডরোল এর মোট সংখ্যার সর্বোচ্চ ২% পর্যন্ত নষ্ট হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-বিধি(৪) এ নির্ধারিত সংখ্যক বা হারের বেশি ব্যান্ডরোল নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে মর্মে দেখানো হইলে সংশ্লিষ্ট বিড়ি উৎপাদনকারী কর্তৃক উক্তরূপ নষ্ট হইয়া যাওয়া অতিরিক্ত ব্যান্ডরোল যে সংখ্যক বিড়ির প্যাকেটে লাগানো যাইত সেই সংখ্যক বিড়ির প্যাকেটের ক্ষেত্রে প্রদেয় কর প্রদান করিতে হইবে।

৬। **ব্যান্ডরোল মজুদ সংরক্ষণ, ইত্যাদি।**- (১) বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল বিড়ি কারখানার অভ্যন্তরে নিরাপদ স্থানে মজুদ ও সংরক্ষণ করিতে হইবে।

(২) বিড়ির প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে বিড়ি উৎপাদনকারী পর্যাপ্ত পরিমাণ ব্যান্ডরোল মজুদ রাখিয়া নতুন ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

(৩) বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল সংশ্লিষ্ট বিড়ির কারখানায় আনয়নের পর এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে ব্যান্ডরোল সংক্রান্ত যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

৭। **মজুদ ও ব্যান্ডরোল এর সঠিকতা যাচাই।**- সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোনো সময় বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবহার করা হইতেছে কিনা উহা পরীক্ষা করিতে পারিবেন।

৮। **তদারকি।**- এই বিধিমালার অধীন নির্ধারিত পদ্ধতিতে ব্যান্ডরোল সংগ্রহ করিয়া উৎপাদিত বিড়ির প্যাকেটে যথাযথভাবে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার লক্ষ্যে সহকারী রাজস্ব কর্মকর্তা প্রতি ১৫ (পনের) দিনে ন্যূনতম একবার, রাজস্ব কর্মকর্তা প্রতি মাসে ন্যূনতম একবার এবং বিভাগীয় কর্মকর্তা প্রতি ২(দুই) মাসে ন্যূনতম একবার বিড়ি উৎপাদনকারী কারখানা পরিদর্শন করিবেন।

National Board of Revenue

৯। **হিসাবরক্ষণ**।- বিড়ি উৎপাদনকারী কর্তৃক বিড়ি উৎপাদনে ব্যবহৃত উপকরণ ও পণ্যের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে, আইনের ধারা ৩১ এবং বিধিমালার বিধি ২২ এর বিধান অনুসরণ করিতে হইবে।

১০। **চালানপত্র ইস্যু**।- বিড়ি উৎপাদন কারখানা হইতে বিড়ির প্রতিটি সরবরাহের বিপরীতে বিড়ি উৎপাদনকারী কর্তৃক বিধিমালার ফরম "মূসক-১১" এ ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করিতে হইবে।

১১। **দাখিলপত্র পেশকরণ**।- আইনের ধারা ৩৫ এবং বিধিমালার বিধি ২৪ এ বর্ণিত বিধান অনুযায়ী বিড়ি উৎপাদনকারীকে প্রতিটি কর মেয়াদের জন্য স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিলপত্র জমা দিতে হইবে এবং উক্ত দাখিলপত্রে ক্রয়কৃত ব্যান্ডরোলের মূল্যমানের ভিত্তিতে পরিশোধিত করের পরিমাণ প্রদর্শন করিতে হইবে।

১২। **রহিতকরণ ও হেফাজত**।- (১) বিগত ২৯ জ্যৈষ্ঠ, ১৪১০ মোতাবেক ১২ জুন, ২০০৩ ইংরেজী তারিখের এস,আর,ও নং ১৭৬-আইন/২০০৩/৩৮৪-মূসক এর অধীন প্রণীত বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০০৩ আগামী ১লা অক্টোবর, ২০১১ ইং তারিখে রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও রহিতকৃত বিধিমালার অধীন নির্ধারিত ব্যান্ডরোল আগামী ৩১ ডিসেম্বর, ২০১১ ইং তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

**'ফরম'**

**ব্যান্ডরোল রেজিস্টার**

**[বিধি ৬ দ্রষ্টব্য]**

| ক্রঃ নং | তারিখ | প্রারম্ভিক ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ ক্রয়কৃত ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ ক্রয়কৃত ব্যান্ডরোলের মূল্য | [মোট ব্যান্ডরোলের পরিমাণ (৬=৩+৪)] | পোস্ট অফিস কর্মকর্তা বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর | ব্যবহৃত ব্যান্ডরোলের পরিমাণ | ব্যান্ডরোলের জের ৯=৬-৮ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ড. মোঃ সহিদুল ইসলাম)
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)

National Board of Revenue